

প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-৩(১৪)শুল্ক: রপ্তানি ও বন্ড/২০০২(অংশ-১)/১১৬(১)

তারিখ ১৯.০৩.২০০৬

বিষয়: আমদানিকৃত কাঁচামালের বন্ডিং মেয়াদ বৃদ্ধির জন্য আবেদন প্রসংগে।

সূত্র: কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা এর পত্র নং-৫(১৩)৪২/কাস সা বন্ড/২০০০/১৯৫৭ তারিখ ৭/২/২০০৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মেসার্স এ, এন, থ্রেড ইন্ডাস্ট্রিজ লিমিটেড, মগবাজার, ঢাকা এর বন্ড লাইসেন্স নং-৫২২/কাস-এসবিডব্লিউ/২০০০, তারিখ ০৮/০৮/২০০০ খ্রি: এর বিপরীতে আমদানিকৃত কাঁচামাল ২৩৭৪৭ কেজি ও ৮৩৫১ কেজি পলিস্টার টেক্সচার্ড ইয়ার্ণ এর বন্ডিং মেয়াদ বৃদ্ধির বিষয়ে সূত্রোক্ত পত্রটি জাতীয় রাজস্ব বোর্ডে পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনান্তে কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ৯৮(৬) এর বিধানমতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ২৪/০২/২০০৬ খ্রি: এবং ২১/০৩/২০০৬ খ্রি: তারিখ পর্যন্ত বন্ডিং মেয়াদ Post Facto বৃদ্ধি করতে জাতীয় রাজস্ব বোর্ড সম্মত হয়েছে, যথা:-

- (১) পণ্যের মজুদ ও গুণগতমান যথাযথ থাকতে হবে;
- (২) বর্ধিত মেয়াদের মধ্যে রপ্তানি করতে ব্যর্থ হলে দাবীনামা জারীসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা নিতে হবে;
- (৩) প্রতিষ্ঠানটির প্রাপ্যতার বিষয়টি প্রযোজ্য মতে Rationalize করতে হবে;
- (৪) আমদানিকারক কর্তৃক ইতোমধ্যে অন্য কোন বিধি-বিধান লংঘিত হলে এ মেয়াদ বৃদ্ধির আদেশ প্রয়োজন হবে না;
- (৫) প্রতিষ্ঠানের মেয়াদ উত্তীর্ণ অন্যান্য কাঁচামালের বিপরীতে প্রাপ্য শুল্ক করাদি যথানিয়মে আদায় করতে হবে।

স্বাক্ষরিত/-

(সৈয়দ মুসফিকুর রহমান)
দ্বিতীয় সচিব (শুল্ক: রপ্তানি ও বন্ড)

প্রাপক:

কমিশনার
কাস্টমস বন্ড কমিশনারেট
৩৪২/১, সেগুনবাগিচা, ঢাকা।